



**ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের সেশন ফি-সহ অন্যান্য ফি-জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশের সকল অনার্স মাদরাসার অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের যথাক্রমে ফাজিল অনার্স ৩য়, ২য় এবং ১ম বর্ষ পরীক্ষা-২০২০ এর ফলাফল প্রকাশিত হওয়ায় নিম্নবর্ণিত তফসিল অনুসারে সেশন ফি-সহ অন্যান্য ফি-আদায়ের কার্যক্রম শুরু করতে হবে।

তফসিল:

(ক) ছাত্র-ছাত্রীদের ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের সেশন ফি-সহ অন্যান্য ফি-নিম্নে নির্ধারণ করা হলো। উক্ত ফি-সমূহের মধ্যে সেশন ফি- ও ক্রীড়া ফি-বাবদ আদায়কৃত অর্থের ৫০% মাদরাসা এবং অবশিষ্ট ৫০% সহ অন্যান্য ফি- বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণি	সেশন ফি-	ক্রীড়া ফি-	রোভার স্কাউটস /বি.এন.সি.সি ফি-
ফাজিল (অনার্স) ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ	৩০০/-	৫০/-	২৫/-

(খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফি-সমূহ আদায়পূর্বক আগামী ২২-১১-২০২২ খ্রি. তারিখ থেকে ২৯-১২-২০২২ খ্রি. তারিখের মধ্যে {সেশন ফি ও ক্রীড়া ফি বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি- অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে “অগ্রণী ব্যাংক লিঃ” এর যে কোন শাখায় জমা দিবেন।

**ফি-জমা দেয়ার নিয়মাবলী :**

প্রথম ধাপ : [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) তে প্রবেশ করতে হবে।

দ্বিতীয় ধাপ : **Payment Option** এ ক্লিক করতে হবে।

তৃতীয় ধাপ : **EIIN ও Password** দিয়ে **Login** করতে হবে।

চতুর্থ ধাপ : **Session Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করতে হবে।

পঞ্চম ধাপ : **Payslip Download** করে ব্যাংকে টাকা জমা করতে হবে।

(**Payslip Download** করতে কোন সমস্যা হলে জনাব মোঃ ফয়সাল আহমেদ, সেকশন অফিসার এর সাথে ০২-২২৩৩২৬৭২৫ এই নাম্বারে যোগাযোগ করুন)

(গ) ফাজিল অনার্স শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছেন সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (**Immediate Year**) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি- প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} করতে হবে।

(ঘ) আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপ এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিস্ট প্রস্তুত করে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি-সমূহ একটি অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের টট লিস্ট পৃথক ভাবে জমা দিতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

(মো: রেজাউল হক)

রেজিস্ট্রার

email: iau.registr@gmail.com